দৈনিক সংবাদ

তারিখ 25 JUN 1986
পৃষ্ঠা ৪ কলাম ৪

# কারিগরি ও উচ্চশিক্ষার জন্য ঋণদান ব্যবস্থা চালু করার উদ্যোগ

( বিশেষ প্রতিনিধি )

কারিগরি ও উচ্চশিক্ষার জন্য ঋণদান ব্যবস্থা চালু করতে শিক্ষা মন্ত্রণালয় উদ্যোগ নিয়েছে। মন্ত্রণালয় এ উদ্দেশ্যে একটি তহবিল গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

প্রস্তাবিত তহবিলে মন্ত্রণালয় ২ কোটি টাকা এবং রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে ৮ কোটি টাকা দেয়ার প্রস্তাব করা হবে। বাংলাদেশ ব্যাংকও এতে সহায়তা করবে। প্রস্তাবটি জাতীয় অর্থনৈতিক পরিষদে অনুমোদনের জন্য পেশ করা হবে।